সমকাল

তারিখ ... 09 MAR 2016 ...
পৃষ্ঠা ...২৫... কলাম ...৪... ......

# শিক্ষকসহ নিখোঁজ ছয় ছাত্রকে পাওয়া গেল চাঁদপুরে

**লক্ষ্মীপুর প্রতিনিধি**

লক্ষ্মীপুরের একটি মাদ্রাসা থেকে নিখোঁজ ছয় শিশুশিক্ষার্থী ও তাদের নিয়ে 'উধাও' হওয়া শিক্ষককে ৪৮ ঘন্টা পর চাঁদপুর থেকে উদ্ধার করা হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় চাঁদপুরের দক্ষিণ মতলব থানার গোবিন্দপুর হাফিজিয়া মাদ্রাসা থেকে তাদের উদ্ধার করা হয়।

উদ্ধার করা ছয় শিক্ষার্থী হলো– লক্ষ্মীপুর সদর উপজেলার দুর্গাপুর গ্রামের মোস্তাফিজুর রহমানের ছেলে মো. রাসেল, আলতাফ হোসেনের ছেলে আবদুল্লাহ, হুমায়ুন কবিরের ছেলে জোবায়ের, হারুনুর রশিদের ছেলে মো. মুরাদ, জামাল হোসেনের ছেলে মো. রবিন এবং হাফেজ উল্যার ছেলে মো. মনির হোসেন। তারা সবাই লক্ষ্মীপুর সদর উপজেলা দিঘলীর দক্ষিণ দুর্গাপুর এলাকার রহমানিয়া কালিমুল কোরআন কওমি মাদ্রাসার ছাত্র। তাদের নিয়ে 'উধাও' শিক্ষকের নাম হাফেজ জসীম উদ্দিন।

লক্ষ্মীপুরের সহকারী পুলিশ সুপার (সার্কেল) নাসিম মিয়া বলেন, 'চন্দ্রগঞ্জ থানার এসআই পুষ্প বিহার চাকমার নেতৃত্বে পুলিশের একটি দল চাঁদপুরের ওই মাদ্রাসা থেকে শিক্ষকসহ ছয় ছাত্রকে উদ্ধার করেছে। তাদের লক্ষ্মীপুর আনা হচ্ছে। আজ বুধবার সকালে তাদের গণমাধ্যমের সামনে হাজির করা হবে এবং নিখোঁজ হওয়ার কারণ ব্যাখ্যা করা হবে।'

রহমানিয়া কালিমুল কোরআন কওমি মাদ্রাসার ছয় শিশুশিক্ষার্থীকে রোববার গভীর রাত থেকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। সে সঙ্গে নিখোঁজ ছিলেন মাদ্রাসার শিক্ষক জসীম উদ্দিন। মই দিয়ে দেয়াল টপকে রোববার গভীর রাতে হাফেজ জসিম উদ্দিন ছাত্রদের নিয়ে পালিয়ে গেছেন জানিয়ে চন্দ্রগঞ্জ থানায় একটি সাধারণ ডায়েরি করেন মাদ্রাসার শিক্ষক মনিরুল ইসলাম।